

একুশ এনে দিল মোদের

মখদুম আজম মশরাফী

একুশ এনে দিল মোদের স্বাধীন চেতা মন
পাকিস্তানের সাথে আর নয়, বুঝলো জনগন।
যারা পারে কাড়তে ভাষা, মারতে বুক গুলি
তাদের মোরা কেমন করে ভাই বেরাদর বলি ?
সেদিন থেকে বীর বাঙ্গালী চিতিয়ে দিল বুক
রুখলো ওদের ঘৃণা, হেলা, লাঠি আর বন্দুক।
পষ্ট করে বললো মুজিব চাইত স্বাধিকার
আপন চণ্ডে বাঁচা মরার চাই তো অধিকার।
মিলিটারির উর্দি পরা পাক হানাদার দল
উঠলো রেগে আসলো তেড়ে বসলো জগদ্দল।
স্বাধীন এ দেশ বগল দাবা করলো বিদেশীরা
কাড়লো বুলি, ছিনলো যে ধন পরালো হাতকড়া।
শহীদ হল রিক্সাওয়ালা, শিশু, বুড়ো, নারী,
মরল মাঠে কৃষক মোদের জ্বললো যে ঘর বাড়ী।
গ্রামের কৃষক অস্ত্র নিলাম, শ্রমিক নিলাম লাঠি,
ঘরে ঘরে দুর্গ গড়ে জাগলো দেশের মাটি,
মুক্তিসেনা হানলো আঘাত হানাদারের ঘাড়ে
লাগলো কাঁপন দিশেহারা পাক সেনাদের হাড়ে।
রেসকোর্সে জড় হল অস্ত্র, বুলেট ফেলে
নত মাথা ঢুকলো গিয়ে ভারত দেশের জেলে।
মুক্ত হল স্বদেশ মোদের শুদ্ধ হল হাওয়া,
রক্ত, ঘামে, প্রানের দামে দেশটি ফিরে পাওয়া।
আপন ভাবে চলি ফিরি মন খুলে গান গাই
প্রিয় মোদের দেশের মাটি যার তুলনা নাই।
যারা দিলো প্রান বলিদান, যারা দিলাম শ্রম
আমরা তাদের স্মরণ করি নিত্য করি সালাম।
একুশ মোদের শক্তি সাহস সামনে চলার বাতি
একুশ মোদের স্বপ্ন, আশা এগিয়ে চলার গতি।

মিডোম্পিং, পার্থ, অস্ট্রেলিয়া।

১৫ ফেব্রুয়ারী ২০১৬. mushrafi@hotmail.com